

১. কীসের ভেদে ভাষার রূপভেদ দেখা যায়?
২. কীসের সাহায্যে ধ্বনির সৃষ্টি হয়?
৩. চীন দেশের অধিকাংশ মানুষের ভাষার নাম কী?
৪. মনের ভাব প্রকাশ করার অন্যতম মাধ্যম কী?
৫. অর্থপূর্ণ ধ্বনি ভাষার কী?
৬. আঞ্চলিক ভাষার অপর নাম কী?
৭. মানুষ একের পর এক অর্থবোধক শব্দ জুড়ে দিয়ে কী তৈরি করে ?
৮. বাংলা ভাষা বাঙালির কী?
৯. ধ্বনির অর্থপূর্ণ মিলনে কী গঠিত হয়?
১০. নাটকের সংলাপের জন্য উপযোগী কোন ভাষারীতি?
১১. ভাষাকে কীসের বাহন বলা হয়?
১২. বর্তমানে পৃথিবীতে কতগুলো ভাষা প্রচলিত আছে?
১৩. পৃথিবীতে কত লোকের মাতৃভাষা বাংলা?
১৪. মাতৃভাষার বিবেচনায় বিশ্বে বাংলা ভাষার স্থান কততম?
১৫. চাকমা জনগোষ্ঠীর ভাষার নাম কী?
১৬. গারো জনগোষ্ঠীর ভাষার নাম কী?
১৭. ভাষার মৌখিক রূপের কয়টি রীতি রয়েছে?
১৮. প্রাকৃত ভাষাগুলোর বিকৃত রূপকে কী বলা হয়?
১৯. সাধু ভাষায় কোন শব্দের প্রাধান্য বেশি?
২০. ভাষার কোন রীতি নাটকের সংলাপে উপযোগী নয়?
২১. যে ভাষা রীতি গুরুগম্ভীর, দুর্বোধ্য ও মন্থর, তার নাম কী?
২২. সাধু ও চলিতরীতির পার্থক্য কোন পদে বেশি?
২৩. ভাষার রূপ পরিবর্তনশীল; আর এই পরিবর্তনশীলতার কারণে ভাষাকে কীসের সাথে তুলনা করা হয়?
২৪. 'ভাঙিয়া যাইতে লাগিল' - এর চলিত রূপ কী?
২৫. কোন ভাষার রূপ অপরিবর্তনীয়?